ইয়াবাসহ গ্রেপ্তার ছাত্রদল নেতা স্থায়ীভাবে বহিষ্কার

খালেদ মাহমুদ। ছবি: সংগৃহীত

ঝালকাঠির কাঁঠালিয়ায় ইয়াবাসহ গ্রেপ্তারের পর সরকারি তফাজ্জল হোসেন মানিক মিয়া ডিগ্রি কলেজ শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক খালেদ মাহমুদ অন্তর হাওলাদারকে সাংগঠনিক পদ থেকে স্থায়ীভাবে বহিষ্কার করা হয়েছে।

বুধবার (৯ সেপ্টেম্বর) রাতে জেলা ছাত্রদলের আহ্বায়ক সৈয়দ আলী হাসান, সিনিয়র যুগ্ম আহ্বায়ক আহমেদ সালাউদ্দিন ও সদস্য সচিব সাইদুল ইসলাম রনি স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের সুনির্দিষ্ট অভিযোগের কারণে খালেদ মাহমুদ অন্তরকে তার পদ থেকে স্থায়ীভাবে বহিষ্কার করা হয়েছে। একই সঙ্গে ছাত্রদলের সব পর্যায়ের নেতাকর্মীকে তার সঙ্গে সাংগঠনিক কোনো ধরনের যোগাযোগ না রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

এর আগে মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাতে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার পশ্চিম আউড়া গ্রামে অভিযান চালায় কাঁঠালিয়া থানার পুলিশ। সেখান থেকে ৮ পিস ইয়াবাসহ অন্তর হাওলাদার ও তার সহযোগী মো. জাহিদুল ইসলামকে আটক করা হয়। পরে তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে কাঁঠালিয়া থানায় মামলা করা হয়।

বুধবার সকালে আদালতের মাধ্যমে তাদের কারাগারে পাঠানো হয়েছে।

জেলা ছাত্রদলের আহ্বায়ক সৈয়দ আলী হাসান বলেন, মাদকের বিষয়ে ছাত্রদলের অবস্থান ‘জিরো টলারেন্স’। সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গ কিংবা মাদকের সঙ্গে জড়িত থাকার অভিযোগ প্রমাণিত হলে কাউকে ছাড় দেওয়া হবে না। সংগঠনের নেতাকর্মীদের মাদক থেকে দূরে থেকে ছাত্রদলের আদর্শ ও সাংগঠনিক শৃঙ্খলা মেনে চলার আহ্বান জানান তিনি।